



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
এইচআরএম ইউনিট
www.dshe.gov.bd
ঢাকা



জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৬.৩৫.০০২.১৯.১১০

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮

৩১ আগস্ট ২০২১

বিষয়: ২০২০-২১ অর্থবছরের এপিএ মূল্যায়নপূর্বক প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ এর নির্দেশনা অনুযায়ী মাঠ পর্যায়ের সকল দপ্তরের এপিএ মূল্যায়ন করে উর্দ্ধতন কার্যালয়ে প্রেরণ করা আবশ্যিক। উক্ত মূল্যায়ন কার্যক্রমে নিম্নোক্ত বিষয়াদি অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. সংযুক্ত ছক অনুযায়ী মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ণ ও প্রেরণ করতে হবে।

২. জেলা শিক্ষা অফিসারগণ আগামী ০৫/০৯/২০২১খ্রি. তারিখের মধ্যে আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের এপিএ-র মূল্যায়ন প্রতিবেদন আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক) বরাবর প্রেরণ করবেন।

৩. আঞ্চলিক উপপরিচালকগণ (মাধ্যমিক) আগামী ০৮/০৯/২০২১খ্রি. তারিখের মধ্যে আওতাধীন সকল জেলা শিক্ষা অফিসের এপিএ-র মূল্যায়ন প্রতিবেদন মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর apa.dshe@gmail.com ঠিকানায় ই-মেইলে স্বাক্ষরিক স্ক্যানকপি প্রেরণ করবেন।

৪. আঞ্চলিক পরিচালকগণ আগামী ১০/০৯/২০২১খ্রি. তারিখের মধ্যে এপিএ-র আওতাধীন সকল সরকারি কলেজের এপিএ-র মূল্যায়ন প্রতিবেদন মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর apa.dshe@gmail.com ঠিকানায় ই-মেইলে স্বাক্ষরিক স্ক্যানকপি প্রেরণ করবেন।


৫. নম্বর প্রদানের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা বাঞ্ছনীয়। কেবলমাত্র 'উপর্যুক্ত প্রমাণক' থাকলেই নম্বর প্রদান করা যাবে। কোন কার্যক্রম অর্জিত হলেও 'উপর্যুক্ত প্রমাণক' না থাকলে নম্বর প্রদান করা যাবে না। আবশ্যিক অংশের 'উপর্যুক্ত প্রমাণক' বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২০২০-২১ অর্থবছরের নির্দেশমালা অনুসরণ করতে হবে।

৬. মূল্যায়ন প্রতিবেদন যেসব প্রমাণকের ভিত্তিতে তৈরি করা হবে সেসব প্রমাণক সংরক্ষণ করতে হবে। প্রতিবেদনের সাথে প্রমাণক প্রেরণের প্রয়োজন নেই।

৭. মন্তব্য কলামে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ১ম, ২য়, ৩য় স্থান অধিকারী নির্বাচন করতে হবে এবং মূল্যায়ন প্রতিবেদনের নীচে দপ্তর প্রধানের সীল ও স্বাক্ষর থাকতে হবে।

ছক-

ক্র.	উপজেলা/ জেলা /কলেজের নাম	প্রাপ্ত নম্বর		মোট প্রাপ্ত নম্বর (১০০)	মন্তব্য
		কৌশলগত উদ্দেশ্য (৭৫)	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য (২৫)		



৩১-৮-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

বিতরণ :

- ১) পরিচালক(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল
- ২) আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা)
- ৩) জেলা শিক্ষা কর্মকর্তা- সকল জেলা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৬.৩৫.০০২.১৯.১১০/১

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮
৩১ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক , মাধ্যমিক উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ২) অধ্যক্ষ, এপিএ চুক্তির আওতাধীন সকল সরকারি কলেজ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার , সকল
- ৫) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) পি এ টু পরিচালক, কলেজ ও প্রশাসন উইং , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পরিচালক (কলেজ ও প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) অফিস কপি, এইচআরএম



৩১-৮-২০২১

আশেকুল হক
সহকারী পরিচালক-১